# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩১৭. শোয়ার সময় চেরাগ, হারিকেন, লাইট ইত্যাদি জ্বালিয়ে শোয়া

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন নবী (সা.) ইরশাদ করেন:

لاَ تَتْرُكُوا النَّارَ فِي بُيُوتِكُمْ حِينَ تَنَامُونَ

"তোমরা কখনো শোয়ার সময় নিজ ঘরে আগুন জ্বালিয়ে রেখো না"।[1]

আবু মূসা আশ্'আরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাত্রি বেলায় মদীনার একটি ঘর মানুষ সহ জ্বলে যায়। নবী (সা.) কে তাদের ব্যাপারটি জানানো হলে তিনি বলেন:

إِنَّ هَذِهِ النَّارَ إِنَّمَا هِيَ عَدُوٌّ لَكُمْ فَإِذَا نِمْتُمْ فَأَطْفِئُوهَا عَنْكُمْ

"নিশ্চয়ই আগুন হচ্ছে তোমাদের শত্রু। অতএব তোমরা যখন ঘুমুতে যাও তখন তা নিভিয়ে ঘুমাও"।[2]

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

خَمِّرُوا الْآنِيَةَ ، وَأَجِيفُوا الْأَبْوَاب ، وَأَطْفِئُوا الْمَصَابِيحَ ، فَإِنَّ الْفُوَيْسِقَةَ رُبَّمَا جَرَّتْ الْفَتِيلَةَ فَأَحْرَقَتْ أَهْلَ الْبَيْتِ

"তোমরা তোমাদের পানপাত্রগুলো ঢেকে রাখো। দরজাগুলো বন্ধ করে রাখো। শোয়ার সময় চেরাগগুলো নিভিয়ে দাও। কারণ, ইঁদুর হয়তো বা চেরাগের ফিতা টেনে ঘরের সবাইকেই জ্বালিয়ে দিবে"।[3]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৬২৯৩ মুসলিম, হাদীস ২০১৫)

[2] (বুখারী, হাদীস ৬২৯৪ মুসলিম, হাদীস ২০১৬)

[3] (বুখারী, হাদীস ৬২৯৫ মুসলিম, হাদীস ২০১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11567

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন